

## আরও ৩৬ দেশকে ভ্রমণ নিষেধাজ্ঞা দিচ্ছে যুক্তরাষ্ট্র

- A Monitor Desk Report

Date: 16 June, 2025



ঢাকাঃ নতুন করে এবার আরও ৩৬টি দেশের ওপর নিষেধাজ্ঞা দিতে যাচ্ছে যুক্তরাষ্ট্র।

মার্কিন পররাষ্ট্রমন্ত্রী মার্কে রুবিওর সই করা এক অভ্যন্তরীণ কূটনৈতিক বার্তার বরাত দিয়ে একথা জানায় বার্তা সংস্থা। যেখানে, দেশগুলো নিয়ে বেশ কিছু উদ্বেগ তুলেছে ধরা হয়।

পাশাপাশি, এ বিষয়ে যথাযথ পদক্ষেপ গ্রহণের আহ্বান জানানো হয়।

হোয়াইট হাউস বলছে, যেসব দেশ 'বিশ্বস্ত পরিচয়পত্র' দিতে ব্যর্থ হবে কিংবা নিজেদের নাগরিকদের প্রত্যাভাসনে সহযোগিতা করছে না, তাদের বিরুদ্ধে কঠোর পদক্ষেপ নেয়া হবে। এজন্য দেশগুলোকে ৬০ দিনের সময় বেঁধে দেয়া হয়।

এই সময়ের মধ্যে নিরাপত্তা ও অভিবাসন ব্যবস্থায় পরিবর্তন না আনলে পুরোপুরি বা আংশিক নিষেধাজ্ঞা কার্যকর হবে বলে জানায় ট্রাম্প প্রশাসন।

যুক্তরাষ্ট্রের সংবাদমাধ্যমে এক প্রতিবেদনে অভ্যন্তরীণ কূটনৈতিক বার্তার এসব তথ্য উঠে আসে।

এর আগে চলতি মাসের শুরুতে যুক্তরাষ্ট্রে প্রবেশের ক্ষেত্রে ১২টি দেশের নাগরিকদের ওপর নিষেধাজ্ঞা দেন ডোনাল্ড ট্রাম্প। বিদেশি সন্ত্রাসী ও অন্যান্য জাতীয় নিরাপত্তার হুমকি থেকে যুক্তরাষ্ট্রকে রক্ষার প্রয়োজনীয়তার কথা বলে ওই নিষেধাজ্ঞা দেয়া হয়।

-B

